[রাষ্ট্রীয়খাতে একমাত্র নন-লাইফ বীমা ও পুনঃবীমা প্রতিষ্ঠান]

# সাধারণ বীমা কর্পোরেশন

## SADHARAN BIMA CORPORATION

(অর্থনৈতিক নিরাপত্তার প্রতীক)

মানব সম্পদ বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।

www.sbc.gov.bd

স্মারক নং- ৫৩.০৭.০০০০.২০১.১১.০০৫.২৪/০৬ তারিখঃ ০১-০১-২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান সাধারণ বীমা কর্পোরেশন-এর কিছু সংখ্যক শূন্য পদ পূরণের লক্ষ্যে আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত পদ ও বেতনস্কেলে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। উক্ত পদগুলোর জন্য আবশ্যকীয় যোগ্যতা ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদত্ত হলোঃ-

| ক্রঃ নং | পদের নাম ও গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | আবেদনের যোগ্যতা |
|---|---|---|---|
| ১. | সিনিয়র সিস্টেম এনালিস্ট (গ্রেড-০৪) | ০১টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ সহ অন্যূন স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোন সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র প্রোগ্রামার হিসাবে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরী;<br>(গ) সর্বোচ্চ বয়স সীমা ৪৫ বৎসর; এবং<br>(ঘ) সংশ্লিষ্ট সেক্টরে স্বীকৃত কোন উদ্ভাবন বিশেষ যোগ্যতা হিসাবে বিবেচিত হইবে। |
| ২. | এসিস্ট্যান্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (গ্রেড-০৯) | ০১টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ সহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) সর্বোচ্চ বয়স সীমা ৩০ বৎসর। |
| ৩. | কন্ট্রোল অপারেটর (গ্রেড-১৬) | ০৪টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজীতে ২০ শব্দের গতি;<br>(গ) সর্বোচ্চ বয়স সীমা ৩০ বৎসর; এবং<br>(ঘ) এই পদে নিম্নোক্ত ০৭ (সাত) টি জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেইঃ-<br>চাঁদপুর, ফেনী, লক্ষ্মীপুর, পাবনা<br>খুলনা, বাগেরহাট, বরিশাল<br>তবে এতিম বা প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

### শর্তাবলীঃ

**১। প্রার্থীদের আবেদনপত্র অবশ্যই স্বহস্তে লিখিত হতে হবে। কোন ধরণের কম্পিউটার কম্পোজ বা টাইপিং করা আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। কর্পোরেশনের নিজস্ব ওয়েবসাইট (www.sbc.gov.bd) হতে নমুনা আবেদনপত্র ডাউনলোড করে সে অনুযায়ী আবেদন করতে হবে।**

২। **আবেদনকারীর বয়সসীমা (৩১-১২-২০২৩ তারিখে বয়স)** : ক্রমিক নং-১ এ বর্ণিত পদের জন্য সর্বোচ্চ ৪৫ বছর; এবং ক্রমিক নং-২ থেকে ৩ এ বর্ণিত পদের জন্য সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। তবে ক্রমিক নং-২ ও ৩ এ বর্ণিত পদের জন্য মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা/প্রতিবন্ধী কোটায় আবেদনকৃত প্রার্থীদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর (বয়স সম্পর্কিত কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

**৩। আবেদন পত্রের সাথে যে সমস্ত কাগজপত্র/ডকুমেন্ট দাখিল করতে হবেঃ**

(ক) রাষ্ট্রায়ত্ত্ব যে কোন তফসিলি ব্যাংকের শাখা হতে **"সাধারণ বীমা কর্পোরেশন"** এর অনুকূলে 'সিনিয়র সিস্টেম এনালিস্ট (গ্রেড-০৪)' ও 'এসিস্ট্যান্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (গ্রেড-৯)' পদের জন্য ৬০০.০০ (ছয়শত) এবং 'কন্ট্রোল অপারেটর (গ্রেড-১৬)' পদের জন্য ২০০.০০ (দুইশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য);

(খ) আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙিন ৩ (তিন) কপি সত্যায়িত ছবি;

(গ) আবেদনকারীর সকল শিক্ষাগত যোগ্যতা ও পেশাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি;

(ঘ) নিজ জেলার সমর্থনে জাতীয়তা/নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি (ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত);

(ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি;

(চ) অভিজ্ঞতার সনদপত্রের (প্রযোজ্য ক্ষেত্রে) সত্যায়িত কপি;

(ছ) চাকুরিরত প্রার্থীদের বর্তমান প্রতিষ্ঠানের অনাপত্তিপত্র;

(জ) কোটার সমর্থনে (যে কোটায় আবেদন) প্রয়োজনীয় প্রমাণক।

**৪। অন্যান্য তথ্য ও নির্দেশনাবলীঃ**

(ক) সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে আবেদন পত্রের অগ্রিম কপি বা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যম ব্যতীত আবেদনপত্র কোনক্রমেই গ্রহণ যোগ্য হবে না;

(খ) আবেদন পত্রে এবং খামের উপরে আবেদনকারীর নাম, প্রার্থীত পদের নাম ও নিজ জেলার নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

(গ) নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না;

(ঘ) অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঙ) আবেদনপত্র বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদেরকে নিয়োগ সংক্রান্ত পরবর্তী কার্যক্রমের জন্য বিবেচনা করা হবে;

(চ) পরীক্ষা/সাক্ষাৎকারে হাজির হওয়ার জন্য কোন প্রকার টি.এ./ডি.এ. প্রদান করা হবে না;

(ছ) সরকার কর্তৃক নিয়োগ সংক্রান্ত বিষয়ে জারিকৃত নীতিমালা/কোটা অনুসরণ করা হবে;

(জ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন, আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে;

(ঝ) কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে;

(ঞ) আবেদনপত্র **"জেনারেল ম্যানেজার, মানব সম্পদ বিভাগ, জি.এম. সচিবালয় (১০ম তলা), সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ৩৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০"** এর বরাবরে অবশ্যই ডাকযোগে আগামী ৩০-০১-২০২৪ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।

**আবেদন পৌঁছানোর শেষ তারিখ**
**৩০-০১-২০২৪ খ্রি.**

02/01/2024

**(জ্যোৎস্না বিকাশ চাকমা)**
জেনারেল ম্যানেজার (মানব সম্পদ)
ও
সদস্য সচিব
আইটি পদসমূহে নিয়োগের বিশেষ বাছাই কমিটি